বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩.৫৬ তারিখ: ২৫/১০/২০২৩ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

বিষয়: **এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৪ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৪ এর Online এ TC, PC নম্বর প্রেরণ, ফরম পূরণ, প্রয়োজনীয় ফি ইত্যাদি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

**১. কার্যক্রমের বিবরণ ও সময়কাল:**

| ক্রঃ নং | বিবরণ | সময়কাল |
|---|---|---|
| ১. | Online এ TC, PC নম্বর Entry | ৩০/১০/২০২৩ খ্রিঃ হতে ০৪/১১/২০২৩ খ্রিঃ |
| ২. | Online এ Form Fill up করা যাবে। | ০৬/১১/২০২৩ খ্রিঃ হতে ১৯/১১/২০২৩ খ্রিঃ |
| ৩. | Online এ Form Fill up করা যাবে (বিলম্ব ফি ৩০০/-সহ) । | ২০/১১/২০২৩ খ্রিঃ হতে ২২/১১/২০২৩ খ্রিঃ |
| ৪. | Online এ Form Fill up করা যাবে (বিলম্ব ফি ৩০০/- ও প্রতিষ্ঠান জরিমানা ২৫০০/-সহ)। | ২৩/১১/২০২৩ খ্রিঃ হতে ২৯/১১/২০২৩ খ্রিঃ |
| ৫. | Online এ Form Fill up করা যাবে (বিলম্ব ফি ৩০০/- ও প্রতিষ্ঠান জরিমানা ৪০০০/-সহ)। | ৩০/১১/২০২৩ খ্রিঃ হতে ০৬/১২/২০২৩ খ্রিঃ |
| ৬. | সোনালী সেবার মাধ্যমে Form Fill up ফি জমা। | ১০/১২/২০২৩ খ্রিঃ হতে ১৪/১২/২০২৩ খ্রিঃ |

**বিঃ দ্রঃ**

- Online এ শিক্ষার্থীর TC, PC নম্বর Entry করা না থাকলে/ফেল নম্বর প্রদান করা থাকলে Probable list-এ নাম থাকবে না। আর Probable list-এ নাম না থাকলে Form Fill up করা যাবেনা।
- ২০২০ সেশনের শিক্ষার্থীদের তথ্যও Online এ থাকবে এবং Form Fill up করা যাবে। তবে নবায়ন করা না থাকলে প্রবেশপত্র ডাউনলোড করা যাবেনা।

**২. ফরম পূরণের ফি সংক্রান্ত তথ্য:**

| ক্রঃ নং | বিবরণ | হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | পরীক্ষার ফি | ৮০০.০০ | বোর্ডের প্রাপ্য |
| ২. | নম্বর পত্র ফি | ৮০.০০ | বোর্ডের প্রাপ্য |
| ৩. | সনদপত্র ফি | ১২০.০০ | বোর্ডের প্রাপ্য |
| ৪. | বাস্তব প্রশিক্ষণ ফি | ১৫০.০০ | বোর্ডের প্রাপ্য ৮৫/- প্রতিষ্ঠান ৬৫/- |
| ৫. | সংযোগ রক্ষাকারী ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য |
| ৬. | বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৩০০.০০ | বোর্ডের প্রাপ্য |
| ৭. | কেন্দ্র ফি | ৫০০.০০ | কেন্দ্রের প্রাপ্য |
| ৮. | ব্যাবহারিক কেন্দ্র ফি | ১০০.০০ | কেন্দ্রের প্রাপ্য |
| ৯. | ব্যাবহারিক পরীক্ষার ফি ৭ বিষয় (ঐচ্ছিক বিষয় সহ)/প্রতি বিষয় ২৫/-হারে | ১৭৫.০০ | কেন্দ্রের প্রাপ্য |

**উল্লেখ্য যে, পরীক্ষা সংক্রান্ত যেকোন ধরনের ফি কম বা বেশি হলে পরবর্তী বছরে ফরম পূরণের সময় সমন্বয় করা হবে।**

**বিঃ দ্রঃ** ফরম পূরণের Payment Summary শীট অনুসারে ফি প্রযোজ্য হবে।

অব্যাহত-

**৩. পরীক্ষার সময় ও মানবন্টন :**

দশম শ্রেণির পূর্ণাঙ্গ সিলেবাস, পূর্ণমান ও পূর্ণসময়ে সকল বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**৪. অনুসরণীয় বিশেষ নির্দেশাবলী:**

ক) TC, PC, PF, IA নম্বরের হার্ড কপি বোর্ডে জমা দিতে হবেনা কিন্তু প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

খ) 'মান উন্নয়ন' পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র ২০২৩ সনে উত্তীর্ণ শিক্ষার্থী মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে, তাদের নিয়মিত পরীক্ষার্থীর মতই পরীক্ষার ফি প্রদানসহ দশম শ্রেণির লিখিত ও ব্যাবহারিক সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । এক্ষেত্রে স্বাভাবিক ফি-এর অতিরিক্ত ৫০০.০০ (পাঁচশত) টাকা মান উন্নয়ন ফি প্রদান করতে হবে। মান উন্নয়নের আবেদনের হার্ডকপি আলাদাভাবে ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

গ) প্রতিবন্ধী পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে Admit Card পাওয়ার পর ১০ মিনিট/ঘন্টা হারে সময় বৃদ্ধি করে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে শ্রুতি লেখকের অনুমতিপত্র বোর্ডের ভোকেশনাল শাখা হতে গ্রহণ করতে হবে।

ঘ) নির্দিষ্ট সময়ের পরে Form Fill up এর আবেদন গ্রহণ করা হবেনা।

ঙ)

i. প্রতিদিনের পরীক্ষা শেষে মূল উত্তরপত্র এবং Top litho অংশ ছিঁড়ে করোগেটেড বক্সে প্যাকেট করে একটি কাপড়ের মোড়কে বোর্ডে পাঠাতে হবে। একই মোড়কের মধ্যে মূল উত্তরপত্র ১০০ টি করে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করা থাকবে। Top litho অংশ একটি কেন্দ্রে এক দিনে যত হবে সব একই সাথে বান্ডেল (শিরোনামপত্র সহ) হবে। মূল উত্তরপত্রের বান্ডেল এবং Top litho অংশের বান্ডেল একই সাথে সাদা কাপড়ের মোড়কে পেঁচিয়ে সিলগালা করে , মোড়কের উপরে কেন্দ্র কোড ও তারিখসহ প্রেরকের ঠিকানা স্পষ্ট ভাবে লিখে পরীক্ষা নিয়ন্ত্রক, দৃঃ আঃ উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা বরাবর পাঠাতে হবে।

ii. ট্রেড বিষয়ের ক্ষেত্রে প্রতি ট্রেডের উত্তরপত্র আলাদা আলাদা ভাবে করোগেটেড সীট দ্বারা বান্ডেল করে একই সাথে একটি মোড়কে Top litho বান্ডেলসহ পাঠাতে হবে।

iii. শুধুমাত্র দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের ক্ষেত্রে বাংলা-২(১৭২১), আরবী-২ (১৭২৪), কোরআন মাজিদ ও তাজবীদ-২ (১৭২৭), হাদীস শরীফ ও ফিকাহ্-২ (১৭২৮), ইসলামের ইতিহাস-২ (১৩২৫), বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২(১৩২৬) এই বিষয়গুলোর উত্তরপত্র ও Top litho হলুদ কাপড়ের মোড়কে পেঁচিয়ে পাঠাতে হবে।

চ) কেন্দ্রকে প্রতিদিনের অনুপস্থিত ও বহিষ্কার শিক্ষার্থীর তথ্য অন-লাইনে এন্ট্রি করতে হবে।

ছ) ব্যাবহারিক পরীক্ষা শেষ হওয়ার ১০ দিনের মধ্যে রোলের ক্রমানুসারে সাজিয়ে হাজিরা শীট, শিরোনামপত্র ও অনুপস্থিত তালিকার হার্ড কপি বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

স্বা/-

(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩২.২৩.৫৬(১২)    তারিখ: ২৫/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২) মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩) মহা-পরিচালক, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আবদুল গনি সড়ক, ঢাকা।
৪) মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৫) মহা-পরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৬) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৭) বোর্ডের সকল কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮) সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৯) ম্যানেজার, সোনালী ব্যাংক (সকল শাখা)।
১০) অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)।
১১) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১২) সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)